# সংযুক্ত তহবিল (সম্পূরক মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) আইন, ১৯৯৬

( ১৯৯৬ সনের ২ নং আইন )

**১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে সম্পূরক অর্থ মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদানের জন্য প্রণীত আইন।**

যেহেতু ১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সরের কার্যাদি নির্বাহের জন্য সংযুক্ত তহবিল হইতে আরও কিছু অর্থ মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণের কর্তৃত্ব প্রদান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন সংযুক্ত তহবিল (সম্পূরক মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) আইন, ১৯৯৬ নামে অভিহিত হইবে।

(২) ইহা ৮ই আষাঢ়, ১৪০৩ মোতাবেক ২২শে জুন, ১৯৯৬ তারিখ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**১৯৯৫-৯৬ অর্থ বত্সরের জন্য সংযুক্ত তহবিল হইতে ২৯৬৫,১০,৬৩,০০০ টাকা প্রদান**

২। এই আইনের সহিত সংযুক্ত তফসিলের কলাম ২-এ বর্ণিত কার্যাদি নির্বাহের উদ্দেশ্যে ১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর চলাকালীন সময়ে যে কতিপয় ব্যয় সেই বত্সরের অর্থ পরিশোধের আওতাধীন হইতে পারে তাহা নির্বাহের জন্য তফসিলের কলাম ৫-এ বর্ণিত অর্থের অনধিক অর্থ, সর্বসাকুল্যে দুই হাজার নয় শত পয়ষট্টি কোটি দশ লক্ষ তেষট্টি হাজার টাকা সংযুক্ত তহবিল হইতে প্রদেয় ও প্রযোজ্য হইবে।

**নির্দিষ্টকরণ**

৩। এই আইন দ্বারা সংযুক্ত তহবিল হইতে প্রদান ও প্রয়োগ করিবার জন্য অনুমোদিত অর্থসমূহ ১৯৯৬ সালের ৩০শে জুন তারিখে সমাপ্য অর্থ বত্সর সম্পর্কে তফসিলে বর্ণিত কার্যাদি ও উদ্দেশ্যসমূহের জন্য নির্দিষ্ট করা হইবে।

**রহিতকরণ ও হেফাজত**

৪। (১) সংযুক্ত তহবিল (সম্পূরক মঞ্জুরী দান ও নির্দিষ্টকরণ) অধ্যাদেশ, ১৯৯৬ (অধ্যাদেশ নং ২৪, ১৯৯৬) এতদ্বারা রহিত করা হইল।